

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে হাদীসে উল্লেখিত সালাতটি ফজরের সালাত ছিল না, তাদের কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذِهِ الصَّلَاةَ لَمْ تَكُنْ صَلَاةَ الصُّبْح

আরবী

1563 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الدُّولَابِيُّ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: أَخْبَرَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ عَنْ جَابِرِ بْنِ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ الْعَامِرِيِّ: عَنْ أَبِيهِ وَلَاَ: شَهِدْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حجَّته فَصَلَّيْتُ مَعَهُ صَلَاةَ الصَّبْحِ فَي مَسْجِدِ الْخَيْفِ مِنْ مِنْ مِنًى فَلَمَّا قَضَى صَلَاتَهُ إِذَا رَجُلَانِ فِي آخِرِ النَّاسِ لَمْ يُصَلِّيا فَأْتي فِي مَسْجِدِ الْخَيْفِ مِنْ مِنْ مِنَى فَلَمَّا قَضَى صَلَاتَهُ إِذَا رَجُلانِ فِي آخِرِ النَّاسِ لَمْ يُصَلِّيا فَأْتي بِهِمَا تُرْعَدُ فَرَائِصَهُمَا فَقَالَ: (مَا مَنَعَكُمَا أَنْ تُصَلِّيا مَعَنْا)؟ قَالَا: يَا رَسُولَ اللَّهِ كُنَّا قَدْ صَلَّيْنَا فِي رِحَالِكُمَا ثُمَّ أَتَيْتُمَا مَسْجِدِ جَمَاعَةٍ صَلَيْنَا فِي رِحَالِكُمَا ثُمَّ أَتَيْتُمَا مَسْجِدِ جَمَاعةٍ فَصَلِّيا مَعَهُمْ فَإِنَّهَا لكما نافلة)

الراوي: يَزِيد بْن الْأَسْوَد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1563 ا خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (590 ـ 591).

قَالَ الشَّيْخُ: قَوْلُهُ: (فَلَا تَفْعَلَا): لَفْظَةُ زَجْرٍ مُرَادُهَا ابْتِدَاءُ أَمْرٍ مُسْتَأْنَفٍ

বাংলা

১৫৬৩. ইয়াযিদ বিন আসওয়াদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হজ্জে সাথে ছিলাম। অতঃপর আমি তাঁর সাথে মিনার মাসজিদে খাইফে ফজরের সালাত আদায় করি। যখন তিনি সালাত শেষ করেন, তখন তিনি লোকদের পিছনে দুইজন ব্যক্তিকে দেখতে পেলেন, যারা সালাত আদায় করেননি। অতঃপর তাদেরকে আনা হয় এমন অবস্থায় যে, ভয়ে তাদের শরীর কাঁপতেছিল। তিনি তাদের বলেন, "আমাদের সাথে সালাত আদায় করতে তোমাদেরকে কিসে বাধা দিয়েছে?" জবাবে তারা বললেন, "হে



আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা আমাদের মালপত্রের জায়গায় সালাত আদায় করে এসেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা এরকম করবে না। যখন তোমরা মালপত্রের জায়গায় সালাত আদায় করবে, তারপর তোমরা জামা'আতের মসজিদে আসো, তবে আবার তাদের সাথে সালাত আদায় করবে। কেননা এটি তোমাদের জন্য নফল হিসেবে গণ্য হবে।"[1]

গ্রন্থকার রহিমাহুল্লাহ বলেন, "আমাদের শাইখ বলেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তোমরা এরকম করবে না" এটি একটি সতর্কীমূলক বাক্য, এর দ্বারা উদ্দেশ্য হলো পরবর্তীতে এরকম কাজের নতুন করে অবতারণা করবে না।"

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১২৪৭; আবূ দাউদ: ৫৭৫; তাহাবী: ১/৩৬৩; দারাকুতনী: ১/৪১৩; তাবারানী: ২২/৬১০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৯৩৪; মুসনাদ আহমাদ: ৪/১৬০; তিরমিযী: ২১৯; নাসাঈ: ২/১১২-১১৩; হাকিম: ১/২৪৪-২৪৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ১২৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়াযিদ বিন আসওয়াদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন